আজকের কাগজ

17

তারিখ 01 AUG 1996
পৃষ্ঠা ৭ কলাম ২

# চট্টগ্রাম পলিটেকনিক দখল নিয়ে ছাত্রদল ছাত্রলীগ বন্দুকযুদ্ধ

চট্টগ্রাম অফিস ঃ গতকাল [illegible] সকাল ১১টার দিকে পলিটেকনিক ইনস্টিটিউট দখল নিয়ে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে প্রায় ৪ ঘন্টা থেমে থেমে বন্দুকযুদ্ধ হয়। এতে উভয়পক্ষের মধ্যে শতাধিক রাউন্ড গুলিবিনিময় হয় এবং ১০ জন আহত হয়। আহতদের পরিচয় পাওয়া যায়নি। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হলেও কাউকে গ্রেফতার করতে পারেনি

উল্লেখ্য, ছাত্রলীগ সকাল [illegible]টায় ক্যাম্পাস দখল করে নেয়। একঘন্টা পর ছাত্রদল পুনরায় ক্যাম্পাস দখল করে। এ সময় শুরু হয় ধাওয়া-পাল্টা ধাওয়া-গোলাগুলি। এক পর্যায়ে অধ্যক্ষের বাসভবন লক্ষ্য করে ১০/১২ রাউন্ড গুলি করা হয়। এতে অধ্যক্ষের বাসভবনের বেশ কয়েকটি জানালার কাঁচ ভেঙে যায়। এখানে একজন বৃদ্ধা আহত হয়। পুরো ক্যাম্পাসে উত্তেজনা-আতংক বিরাজ করছে।